কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০১.০০১.২০১৩-৪৮৬** **তারিখ : ১০-০৮-২০১৬ খ্রিঃ**

**বিষয় : বীজ আইন, ২০১৬ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় কার্যবিবরণী প্রেরণ।**

০৭-০৮-২০১৬ খ্রিঃ তারিখে কৃষি সচিব মহোদয়ের সভাপতিত্বে **বীজ আইন, ২০১৬ এর খসড়ার** অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

(মো: আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, দিলকুশা, ঢাকা।
০৫। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৪। অতিরিক্ত সচিব (পিপিসি/নিরীক্ষা/মহাপরিচালক (বীজ উইং)/প্রশাসন ও উপকরণ/গবেষণা/সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। চেয়ারম্যান, বিএডিসি, কৃষিভবন, ঢাকা।
১৬। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। মহাপরিচালক, ডিএই, খামারবাড়ী, ঢাকা।
১৮। ড. মো: আব্দুর রাজ্জাক, প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
১৯। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা।
২০। পরিচালক, খাদ্যশস্য উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা।
২১। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।
২২। সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, খামারবাড়ী, ঢাকা।
২৩। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২৪। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২৫। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২৬। প্রফেসর ড. লুৎফুর রহমান, হাউজ #০৯, রোড# ১৫, সেক্টর-১২, উত্তরা, ঢাকা-১২৩০।
২৭। প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া, প্রো-ভিসি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২৮। ড. মো: নজমুল হুদা, সীড সাপ্লাই এন্ড মনিটরিং এক্সপার্ট, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, পিএমইউ, সেচভবন, ঢাকা।
২৯। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লি:, ঢাকা এবং সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন।
৩০। জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী#১০, গরীবে নেওয়াজ এভিনিউ, সেক্টর # ১৩,উত্তরা, ঢাকা।
৩১। জনাব মাহবুব আনাম, ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর সীড কোম্পানি, এ্যাংকর টাওয়ার, ১/১বি, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।
৩২। জনাব এফ আর মালিক, মল্লিকা সীড কোম্পানি, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা।
৩৩। জনাব মো: শাহজাহান আলী, এডভাইজার, পেট্রোকেম বাংলাদেশ লি:, এবিসি হেরিটেজ (৪র্থ তলা), জসিম উদ্দিন এভিনিউ, উত্তরা, ঢাকা।
৩৪। জনাব সরদার এমডি সালাউদ্দিন, এগ্রো ইনপুট কোয়ালিটি কন্ট্রোল এন্ড স্ট্যান্ডার্ড স্পেশালিস্ট, ইউএসএআইডি (এআইপি) ইন বাংলাদেশ, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
০৫। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। অতিরিক্ত সচিব (গবেষণা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

# খসড়া বীজ আইন, ২০১৬ চূড়ান্ত করার লক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

**সভাপতি** : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ০৭ আগষ্ট, ২০১৬ খ্রি:
**সময়** : সকাল ১০.০০ ঘটিকা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'।

১.০। **আলোচনা:**

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে বর্ননা করে বলেন মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহের প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জনের মাধ্যমে বাংলা ভাষায় নতুন আইন প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি প্রস্তাবিত খসড়া বীজ আইন, ২০১৬ এর উপর বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা ও অংশিজনদের নিকট হতে প্রাপ্ত মতামতসমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদকে আহবান জানান।

১.২। প্রধান বীজতত্ত্ববিদ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অংশিজনদের নিকট হতে খসড়া বীজ আইন, ২০১৬ এর উপর প্রাপ্ত মতামতসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

১.৩। বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি, সীড রেগুলেটরি রিফর্ম কমিটির সদস্য, মন্ত্রণালয়ের উইং প্রধান এবং দপ্তর সংস্থার কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

২.০। **সিদ্ধান্ত:** সভায় প্রাপ্ত মতামতের উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। বিদ্যমান অধ্যাদেশের ২৩টি ধারার সাথে ২টি নূতন ধারা সংযোগ করে ২৫টি ধারা করা হবে । 'রহিতকরণ ও হেফাজত' ধারা ২৪ এবং 'ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ' ধারা ২৫ নূতনভাবে সংযোজিত হবে।

২.২। Short title **সংক্রান্ত ধারা 1** প্রতিস্থাপন করে "ধারা-১ সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন" করা হবে।

২.৩। National Seed Board সংক্রান্ত ধারা-3 সংযোজন ও পুনর্বিন্যাস করে ২০ সদস্যের স্থলে ২৫ সদস্যের জাতীয় বীজ বোর্ড করা হবে।

২.৪। Power to specify kinds or varieties of seeds সংক্রান্ত ধারা-5 এর উপধারা 2, 3, 4, 5 এর বিধানাবলী উপধারা ২, ৩ ও ৪ তে পুনর্বিন্যস্ত হবে।

২.৫। Power to specify kinds or varieties of seeds সংক্রান্ত ধারা-5 এর উপধারা 6 এবং উপধারা 7 বাদ দিয়ে এর বিধানাবলী উপধারা ২ তে পুনর্বিন্যস্ত হবে।

২.৬। Regulation of sale of seeds of notified kinds or varieties **সংক্রান্ত ধারা-৭ এর** উপধারা (প) এর বিধানাবলী উপধারা ৪ ও ৫ নূতনভাবে সংযোজিত হবে।

২.৭। Seed Certification Agency সংক্রান্ত ধারা 8-এর উপধারা 2-(d) এর স্থলে "প্রত্যায়িত বীজ" শব্দটি উপধারা ২-(ঘ) তে নূতনভাবে সংযোজন করা হবে। উপধারা 2-(e) এর পরিবর্তে নূতনভাবে উপধারা ২-(ঙ) হিসেবে "বেসরকারি বীজ প্রতিষ্ঠানের" শব্দটি নূতন সংযোজন করা হবে। উপধারা 2-(h) এর পরিবর্তে নূতনভাবে উপধারা ২-(জ) হিসেবে নূতনভাবে "সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে" শব্দগুলি সংযোজন করা হবে।

২.৮। Appeal সংক্রান্ত ধারা 11-এর শিরোনাম "কর্তৃপক্ষ বরাবর আপিল" দ্বারা প্রতিস্থাপিত হবে।

২.৯। Seed Analyst সংক্রান্ত ধারা 12, ধারা ১৫-তে প্রতিস্থাপন করা হয়েছে এবং এর উপধারা ২ নূতন সংযোজিত হবে।

২.১০। Seed Inspectors সংক্রান্ত ধারা 13- ধারা ১২-তে প্রতিস্থাপিত হবে।

২.১১। Procedure to be followed by Seed Inspectors সংক্রান্ত ধারা 15- ধারা নং ১৪ তে প্রতিস্থাপন হবে এবং এর উপধারা ৪(ক)এ "স্বল্পতম সময়ের মধ্যে" বাক্যটি নূতন সংযোজন হবে।

২.১২। Import and export of seeds সংক্রান্ত ধারা 17 এর উপধারা ২-এ "রপ্তানি" শব্দটি এবং "নির্ধারিত পরিমাণে" নূতন সংযোজন করা হবে। উপধারা ৪-এ "রপ্তানি কার্য" এবং "সরকারের আমদানি ও রপ্তানি নীতি" শব্দগুলো নূতন সংযোজিত হবে।

২.১৩। Cognizance of Offences সংক্রান্ত ধারা 19 এবং Place and Procedure of trial সংক্রান্ত ধারা 19A একত্রে ধারা ১৯ হিসেবে সংযোজিত হবে এবং এর শিরোনাম "অপরাধ বিচারার্থে গ্রহণ, বিচার" নূতন ধারা হবে।

২.১৪। Penalty সংক্রান্ত ধারা 19B, Special Provision regarding fines সংক্রান্ত ধারা 19C এবং Forfeiture of property সংক্রান্ত ধারা 20 একত্রে ধারা ২০ হিসেবে সংযোজন করতে হবে এবং এর শিরোনাম নূতনভাবে "অপরাধ, দন্ড ও আপীল" দ্বারা প্রতিস্থাপিত হবে।

২.১৫। সভাপতি প্রস্তাবিত বীজ আইনে প্রমিত বাংলা বানান ও সাধুভাষা অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন।

৩.০। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০৮.২০১৬

(মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্)
সচিব
কৃষি মন্ত্রণালয়।